

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।



স্মারক নং-ওএম/১০৩-সম/(অংশ-৬)/২০১৩/ ১৮১৯

তারিখ : ১০/১২/২০১৯খ্রি.


জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা সারাদেশের সরকারি ও বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজে মাধ্যমিক, নিম্নমাধ্যমিক ও সংযুক্ত প্রাথমিক স্তরে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে অর্থ আদায়ের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।

- ক) সরকারি স্কুল/স্কুল এন্ড কলেজের জন্য ০৬.০৭.২০১৪ খ্রি. তারিখ (সংশোধিত-১৭.০৪.২০১৬খ্রি.) জারিকৃত পরিপত্র অনুযায়ী ভর্তি ফি, সেশন/অন্যান্য ফি আদায় করতে হবে।
- খ) বেসরকারি স্কুল/স্কুল এন্ড কলেজের জন্য ১৪.১১.২০১৮ তারিখে জারিকৃত ভর্তি নীতিমালা অনুযায়ী ভর্তি ফি সেশন/অন্যান্য ফি আদায় করতে হবে।

যদি উল্লিখিত নীতিমালা বর্হিভূত কোন শিক্ষাপ্রতিষ্ঠানের বিরুদ্ধে অধিক অর্থ আদায় সংক্রান্ত কোন অভিযোগ প্রমাণিত হয় তবে উক্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষ/সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের বিরুদ্ধে প্রচলিত আইন ও বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি সম্পর্কে সম্মানিত অভিভাবকবৃন্দকে সর্তক থাকার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরি।



(প্রফেসর মোহাম্মদ বেলাল হোসাইন)

পরিচালক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ

ঢাকা।

ফোন : ৯৫৫৪৫৬৫